# দ্বিতীয় এফআইপিআইসি শিখর সম্মেলনের ফাঁকে প্রধানমন্ত্রীর দ্বিপাক্ষিক বৈঠক সমূহ

জয়পুরের রামবাগ রাজপ্রসাদে সম্মানীয় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ অপরাহ্নে ফিজি প্রজাতন্ত্রের সম্মানীয় প্রধানমন্ত্রী মিঃ জোশাইয়া ভি বাইনিমারামা, পাপুয়া নিউগিনি স্বাধীন রাষ্ট্রের প্রধানমন্ত্রী সম্মানীয় পিটার ও নীল, ভানুয়াতু প্রজাতন্ত্রের প্রধানমন্ত্রী সম্মানীয় সাটো কিলম্যান এবং নাউরু প্রজাতন্ত্রের প্রেসিডেন্ট সম্মানীয় ব্যারন ডিভাবেশির সংগে দ্বিপাক্ষিক বৈঠক করেন। জয়পুরে অনুষ্ঠিত দ্বিতীয় এফআইপিআইসি (ফোরাম ফর ইন্ডিয়া-প্যাসিফিক আইল্যান্ড কোপারেশান) শিখর সম্মেলনের প্রারম্ভে বৈঠকগুলি আজ অনুষ্ঠিত হয়।

উপরিল্লোখিত সকল গণ্যমান্যরা রাষ্ট্রসংঘের সংস্কারের পক্ষে মত প্রকাশ করেন এবং রাষ্ট্রসংঘের সম্প্রসারিত নিরাপত্তা পরিষদে ভারতের স্থায়ী সদস্যপদে জোরালো সমর্থন করেন। জলবায়ু পরিবর্তনের পরতিকিরিয়া মোকাবিলার জন্য প্রযুকতি অ্ভিযোজন করার লক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রশান্ত মহাসাগরীয় দ্বীপরাষ্ট্রের সংগে একযোগে উদ্যোগ নেওয়ার আশ্বাস দেন এবং বিপর্যয় প্রশমনের জন্য ভারতের পূর্ণ সহযোগিতার প্রতিশ্রুতি দেন।

ফিজির প্রধানমন্ত্রী ফিজিতে উভয় সরকারের সহযোগিতা ও অংশীদারি সহ ভারতের এক বৃহৎ স্বাস্থ্যপরিষেবা সংস্থার সংগে যৌথ উদ্যোগে একটি মেডিক্যাল সেন্টার তৈরির সহযোগিতা বিষয়টি উথ্থাপন করেন। এই মেডিক্যাল সেন্টারটি ঐ অঞ্চলের জন্য উপযোগী কেন্দ্র হিসাবে কাজ করতে পারে। তিনি ভারত সরকারের সহযোগিতায় একটি ভেষজ প্রকল্প স্থাপনের আগ্রহ প্রকাশ করেন এবং পর্যটনের ক্ষেত্রে লগ্নির আকাঙ্খা ব্যাকতো করেন। উভয়পক্ষ প্রতিরক্ষা ও নিরাপত্তা ক্ষেত্রে সহযোগিতা সম্প্রসারণে সহমত হন এবং এই উদ্দেশ্যে সংশ্লিষ্ট বিভাগীয় প্রতিনিধিরা ফিজিতে মিলিত হবেন। ভারত ফিজির কৃষি ও দুগ্ধশালা ক্ষেত্রে সহযোগিতা করবে এবং প্রাকৃতিক বিপর্যয় প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন প্রতিষ্টান নির্মাণ করবে। অদুর ভবিষ্যতে ভারতীয় বণিক প্রতিনিধিদল নির্মাণ ক্ষেত্র সহ বাণিজ্য সুবিধা পর্যালোচনার জন্য ফিজি সফর করবে বলে সিদ্ধান্ত হয়।

পাপুয়া নিউগিনিতে পরিকাঠামো-বিশেষ করে সড়ক, হাইওয়ে ও বিমানবন্দর উন্নয়নে ভারত সহযোগিতা করবে। এই উদ্দেশ্যে পাপুয়া নিউগিনি ভারতের একজিম ব্যাংক থেকে ১০০ মিলিয়ন ডলার ঋণ নেওয়ার আগ্রহ প্রকাশ করে,যেটা ইতিবাচকভাবে বিবেচনা করা হবে । উভয়পক্ষ প্রতিরক্ষা, প্রতিষ্ঠান নির্মাণ, জনপ্রশাসন,স্বাস্থ্য,শিক্ষা এবং তেল ও প্রাকৃতিক গ্যাস ক্ষেত্রে সহযোগিতা সম্প্রসারণে সহমত হয়। পাপুয়া নিউগিনি আশা প্রকাশ

করে যে, ওএনজিসি বিদেশ-এর সংগে সহযোগিতা অদুর ভবিষ্যতে সম্প্রসারিত হবে। ভারত শীঘ্রই সেখানে এক বণিক প্রতিনিধিদল পাঠাবে।

ভানাতুয়া প্রধানমন্ত্রী এবং প্রধানমন্ত্রী মোদী রাষ্ট্রসংঘের সম্প্রসারণ এবং প্রতিষ্টান নির্মাণ নিয়ে কথা বলেন। তাঁরা সহমত হন যে, গ্রহীতা দেশের পরিকল্পিত উদ্দেশ্যের কারণেই দেয় অনুদান ব্যবহার করা হবে এবং চিহিনত প্রয়োজনীয় ক্ষেত্রেই কেন্দ্রীভুত হবে। এই পরিপ্রেক্ষিতে, ভানাতুয়া ঘুর্ণিঝড় পামের সময়ে ভারতের ২৫০,০০০ ডলার নগদ সাহায্যর জন্য ধন্যবাদ জ্ঞাপন করে। ঐ সহযোগিতা অত্যন্ত সময়োপযোগী ছিল।

করমোবর্ধমান সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি রূখতে সমুদ্র প্রাচীর নির্মাণে ভারতের সহযোগিতার প্রশংসা করেন নাউরূ। উভয়পক্ষ এইধরণের উন্নয়মনুলক সহযোগিতা সম্প্রসারণে সহমত হয় এবং নাউরূতে প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলায় প্রতিষ্ঠান নির্মাণ করবে এবং জলবায়ু পরিবর্তনের পরতিকিরিয়ায় উপযুকতো ব্যবস্থা গ্রহণ করবে। অনায়াসে যাতে জাহাজগুলি বন্দরে নোঙর করা সম্ভব হয়,তারজন্য ভারত তাদের বিশেষজ্ঞদের নাউরূতে নোঙরকরণ ব্যবস্থার মেরামতিতে সাহায্য করতেও বলবে।

**জয়পুর**

**২১ আগস্ট ২০১৫**